

OFFICE OF
THE ESTATE MANAGER
MURSHIDABAD ESTATE
JUDICIAL DEPARTMENT



SA-1 & SA-2, NETAJI MARKET COMPLEX
2ND FLOOR, LALBAGH, MURSHIDABAD
Dist: Murshidabad
PIN: 742149, West Bengal
Phone: (03482) 271186
Fax: (03482) 271186 #
e-mail: lalbaghestatemanager@gmail.com

No. 11 /ME/J/2021

Date : 13 / 01 /2021

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মুর্শিদাবাদ এস্টেটের অর্ন্তগত নিম্নলিখিত আমবাগান নিম্নোক্ত শর্তে, আগামী ১৪২৭ বঙ্গাব্দ থেকে ১৪৩০ বঙ্গাব্দের ৩০শে আষাঢ় পর্যন্ত, তিন বছর (আম মরশুম) ফল আহরণের উদ্দেশ্যে ইজারা প্রদান করা হইবে।

আগ্রহী ক্রেতা সাধারণ নিম্নোক্ত বাগানের জন্য, নিম্নোক্ত আমানত ডিম্যান্ড ড্রাফট, এস্টেট ম্যানেজার মুর্শিদাবাদ এস্টেট, লালবাগ শাখার অনুকূলে প্রদান পূর্বক রেজিষ্ট্রী ডাক, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি এস্টেট ম্যানেজারের দপ্তরে পাঠাতে পারবেন। দরপত্র সমূহ আগামী ইংরাজী ২৯. ০১. ২০২১ তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত গৃহীত হইবে এনং সমস্ত দরপত্র সেইদিন বৈকাল ৩.০০ ঘটিকায় খোলা হইবে।

সর্বোচ্চ গৃহীত দরপত্রের এক চতুর্থাংশ টাকা দরপত্র গৃহীত হওয়ার ২৪ ঘন্টার মধ্যে পরিশোধ করিতে হইবে। বকেয়া তিন চতুর্থাংশ টাকা এক মাসের মধ্যে জমা প্রদান করিতে হইবে, অন্যথায় উক্ত ব্যক্তি ইজারা গ্রহণে অনিচ্ছুক বিবেচিত হইবেন এবং আমানত বাবদ জমা অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

আমানত জমা ব্যতীত কোন দরপত্র গৃহীত হইবে না। দরপত্র গ্রহণ বা বর্জনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। মেয়াদান্তে ইজারা প্রাপক সংস্থা / ব্যক্তি বাগান স্বেচ্ছায় হস্তান্তরে বাধ্য থাকিবেন। ইজারা প্রাপক ব্যক্তি বাগানের কোনরূপ ক্ষতিসাধন করিতে পারিবেন না। দরপত্র প্রদানের পূর্বে বাগানের পরিস্থিতি সরেজমিনে দেখে নেওয়ার জন্য সকল দরদাতা কে বলা হইতেছে।


ইজারা প্রাপক ব্যক্তি / সংস্থাকে ইজারা প্রাপ্ত বাগানের যথাযথ পরিচর্যা ও রক্ষনাবেক্ষনের কাজ নিজে দায়িত্বে পালন করিতে হইবে। মুর্শিদাবাদ এস্টেটের পক্ষ থেকে বাগানে নূতন চারা রোপন করা হইলে তাহার রক্ষনাবেক্ষণ ও পরিচর্যার দায় দায়িত্ব ইজারাদারকে বহন করিতে হইবে। প্রত্যেক বাগানের জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র প্রদান করিতে হইবে। সামগ্রিক ভাবে দরপত্র গ্রহণ করা হইবে না।

এস্টেট ম্যানেজার বা এস্টেট ম্যানেজার কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মচারী যে কোন সময় যে কোন পরিস্থিতিতে সরেজমিনে তদন্ত করতে পারবেন, তাহাতে ইজারাদারদের কোন ওজর আপত্তি থাকিবে না বা গ্রাহ্য হইবে না।

প্রাপ্ত মর্শদ

উপরোক্ত যে কোন শর্তাদির খেলাপ হইলে যে কোন সময় ইজারার লাইসেন্স বাতিল করা হইবে।
নিম্নে বাগানের নাম ও আমানতের পরিমাণ দেওয়া হইল :-

<u>বাগানের নাম</u>	<u>আমানতের পরিমাণ (ন্যূনতম নীলাম মূল্য)</u>
১। বাউলিবাগ, দারোগা-আন্জুমান আন্জুমান ছিট	১,০০০.০০ টাকা
২। হমায়ুন মঞ্জল ও কাঠাল পোস্ত	১,০০০.০০ টাকা
৩। সেখপাড়া ও মিঞা আফরিন	৫০০.০০ টাকা
৪। সুলাটিনবাগ	৫০০.০০ টাকা
৫। বালী গোকুলপুর	৫০০.০০ টাকা
৬। আস্তাবল	২০০.০০ টাকা
৭। রাজা সাহেব বাগ	৫০০.০০ টাকা



এস্টেট ম্যানেজার
মুর্শিদাবাদ এস্টেট

No. 11(1/11)/ME/J/2021

Date : 13 / 01 /2021

অনুলিপি ব্যাপক প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হইল :-

- ১। মাননীয় জেলা শাসক, মুর্শিদাবাদ ।
- ২। মাননীয় অতিরিক্ত জেলা শাসক (এল. আর.), মুর্শিদাবাদ ।
- ৩। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, মুর্শিদাবাদ জেলা পরিষদ ।
- ৪। মাননীয় মহকুমা শাসক, লালবাগ, মুর্শিদাবাদ ।
- ৫। মাননীয় ডি. আই. ও (NIC), মুর্শিদাবাদ, ওয়েবসাইট-এ আপলোড করার জন্য প্রদান করা হইলো ।
- ৬। মাননীয় পৌরপিতা, মুর্শিদাবাদ পৌরসভা ।
- ৭। মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, এম জে ব্লক ।
- ৮। মাননীয় থানা আধিকারিক, মুর্শিদাবাদ থানা ।
- ৯। মাননীয় বি. এল. এন্ড এল. আর. ও., লালবাগ, মুর্শিদাবাদ ।
- ১০। মাননীয় জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, মুর্শিদাবাদ ।
- ১১। অফিস নোটিস বোর্ড, মুর্শিদাবাদ এস্টেট ।


এস্টেট ম্যানেজার
মুর্শিদাবাদ এস্টেট